নির্বাহী প্রকৌশলী এর দপ্তর
উত্তর-পূর্বাঞ্চলীয় পরিমাপ বিভাগ
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৭২, গ্রীনরোড, ঢাকা।

ফোনঃ০২৫৮১৫০৩২৩
ই-মেইলঃxennemd2014@gmail.com
Website www.bwdb.gov.bd

## "নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি"

| | | | |
|---|---|---|---|
| ১। | মন্ত্রণালয়ঃ | | পানি সম্পদ মন্ত্রণালয়। |
| ২। | এজেন্সীঃ | | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড। |
| ৩। | নিলামে বিক্রয়কারী বিভাগের নামঃ | | উত্তর-পূর্বাঞ্চলীয় পরিমাপ বিভাগ, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ৭২, গ্রীনরোড, ঢাকা। |
| ৪। | নিলাম বিক্রির অকেজো মালামাল/সরঞ্জামের বিবরনঃ | | ভূ-পরিস্থ পানি বিজ্ঞান সার্কেল এবং উত্তর পূর্বাঞ্চলীয় পরিমাপ বিভাগ, বাপাউবো, ঢাকা দপ্তরে অব্যবহৃত ও অকেজো মালামাল (কাঠের চেয়ার, টেবিল, সিলিংফ্যান, আলমারি, ক্যাবিনেট ইত্যাদি) সমূহ। |
| ৫। | মালামালের অবস্থানঃ | | ভূ-পরিস্থ পানিবিজ্ঞান সার্কেল এবংউত্তর –পূর্বাঞ্চলীয় পরিমাপ বিভাগ, বাপাউবো, ঢাকা দপ্তরের স্টোর রুম এবং পানি বিজ্ঞান, ভবন-২, এর নীচ তলায়। |
| ৬। | জেলার নামঃ | | ঢাকা। |
| ৭। | নিলামে বিক্রয়ের বিজ্ঞপ্তি স্মারক নং ও তারিখঃ | | নিলাম বিজ্ঞপ্তি নং- ৪২.০১.০০০০.০৪৭.০৭.০০২.২১- ৩৭৩, তারিখঃ ০২/০২/২০২৩ খ্রিঃ। |
| ৮। | নিলামে বিক্রয় পদ্ধতিঃ | | "উন্মুক্ত দরপত্র" (OTM) পদ্ধতি। |
| ৯। | বাজেটঃ | | - |
| ১০। | নিলামে বিক্রয়ের লটের সংখ্যাঃ | | ০১ (এক)টি |
| ১১। | নিলাম দরপত্র বিক্রয়ের শেষ তারিখঃ | | ১৯/০২/২০২৩ (ব্যাংক চলাকালীন পর্যন্ত) |
| ১২। | নিলাম দরপত্র গ্রহণের শেষ তারিখঃ | | ২০/০২/২০২৩ (দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত) |
| ১৩। | নিলাম দরপত্র খোলার তারিখও সময়ঃ | | ২০/০২/২০২৩ (দুপুর ১২.৩০ ঘটিকা পর্যন্ত) |
| ১৪। | ক) নিলাম দরপত্র বিক্রয়ের দপ্তরের নাম ও ঠিকানাঃ | | সোনালী ব্যাংক লিঃ, গ্রীনরোড শাখা, ঢাকা। |
| | খ) নিলাম দরপত্র গ্রহনের দপ্তরের নাম ও ঠিকানা | | নির্বাহী প্রকৌশলীর দপ্তর, উত্তর-পূর্বাঞ্চলীয় পরিমাপ বিভাগ, বাপাউবো, গ্রীনরোড, ঢাকা। |
| | গ) নিলাম দরপত্র খোলার দপ্তরের নাম ও ঠিকানা | | নির্বাহী প্রকৌশলীর দপ্তর, উত্তর-পূর্বাঞ্চলীয় পরিমাপ বিভাগ, বাপাউবো, গ্রীনরোড, ঢাকা। |
| ১৫। | ক্রেতার যোগ্যতাঃ | | বাপাউবোর ঠিকাদার/প্রকৃত ব্যবসায়ী প্রতিষ্ঠান/ব্যক্তি/উপর্যুক্ত আগ্রহী ক্রেতা। |
| ১৬। | নিলাম দরপত্র সিডিউল মুল্যঃ | | প্রতি সেট টেন্ডার সিডিউলের বিক্রয় মুল্য টাকা= ৫০০/- (পাচ শত টাকা) মাত্র (অফেরত যোগ্য)। |
| ১৭। | বায়নার টাকার পরিমানঃ | | ঠিকাদার কর্তৃক উদ্ধৃত দরের ২৫% (পচিশ ভাগ) হারে শুধুমাত্র ব্যাংক ড্রাফট/পে-অর্ডার হিসেবে হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, গ্রীনরোড, ঢাকা এর অনুকুলে দাখিল করতে হবে। |
| ১৮। | বিশেষ নির্দেশনা (ক) | | কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যতিরেকে নিলাম বাতিলের পুর্ণক্ষমতা সংরক্ষন করেন। |
| | (খ) | | অফিস চলাকালীন সময়ে (সকাল ১০:০০ ঘটিকা হতে বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত) সিডিউল ক্রয় সাপেক্ষেনিলামে বর্ণিত মালামাল সমুহ পরিদর্শন করতে পারবেন। |

শর্তাবলীঃ

১। নিলাম দরপত্রের মালামাল (যেখানে যে ভাবে, যে অবস্থায়, যে পরিমানে আছে সেই ভিত্তিতে) তফসিল মোতাবেক দরপত্র দাখিল করতে হবে।

২। দরদাতাকে সিডিউল এ উর্দ্ধত দর অংকে ও কথায় উভয় প্রকারেই পরিস্কার রুপে লিপিবদ্ধ করতে হবে। কোন প্রকার ঘষা মাজা ফ্লুইড অথবা কাটাকাটি থাকিলে যথা স্থানে দরদাতার স্বাক্ষর ব্যতিরেকে তাহা আইনানুগ গ্রহণযোগ্য বিবেচিত হবে না। অপর ক্ষেত্রে উদ্ধৃত দর অংক ও কথায় উভয় প্রকারেই উল্লেখ করতে হবে। বির্তকিত অবস্থায় কথায় লিখিত দর গৃহীত হবে ।

৩। নিলাম দরপত্রে দর দাতাগণকে প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর এবং তফসীলের নির্ধারিত স্থানে দরদাতা কর্তৃক তার পুর্ন নাম, যোগাযোগের ঠিকানা উল্লেখ করতে হবে এবং দরপত্রের সাথে দরদাতার জাতীয় পরিচয় পত্রের ফটোকপি জমা প্রদান করতে হবে। অসম্পূর্ন দরপত্র কোনক্রমেই গ্রহনযোগ্য হবে না।

৪। আগ্রহী দরদাতাগণকে তাহাদের উদ্ধৃত (দেওয়া মোট মুল্য ) মুল্যের শতকরা ২৫% ভাগ, বাংলাদেশ ব্যাংকের তফসীলভুক্ত যে কোন ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (চেক গ্রহণযোগ্য নয়) আকারে হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, গ্রীনরোড, ঢাকা এর অনুকুলে দাখিল করতে হবে এবং দরদাতা কর্তৃক দরপত্রের যথাস্থানে টাকার পরিমান, ব্যাংক ড্রাফট নং, তারিখ ও ব্যাংকের শাখার নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে ঘোষিত হবে।

৫। আগ্রহী দরদাতাগণ নিলামের মালামাল সমুহ দরপত্র দাখিলের পুর্বেই অর্থাৎ ১৯/০২/২০২৩ইং তারিখ পর্যন্ত ছুটির দিন ব্যতিত অফিস চলাকালিন সময়ে পরিদর্শন /আলোচনা বা কোন কিছু জানার প্রয়োজন হইলে ক্রয়কৃত সিডিউল দেখিয়ে নিলামে উল্লেখিত মালামাল সমুহ পরিদর্শন করতে পারবেন। দরপত্র দাখিলের পর মালামাল সমুহের পরিমাণ ও গুণগত মান সম্পর্কে কোন প্রকার ওজর আপত্তি চলবে না।

৬। কৃতকার্য সর্বোচ্চ দরদাতাকে কার্যাদেশ ইস্যুর পরে ৭ (সাত) দিনের মধ্যে উদ্ধৃত মোট মুল্যের অবশিষ্ট টাকা (জামানতের টাকা বাদে) পে অর্ডার/ব্যাংক ড্রাফটের মাধমে (হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, গ্রীনরোড, ঢাকা বরাবর) জমা দিতে হবে । এ ছাড়া দরপত্রে উল্লেখিত মোট মুল্যের (নিলাম ডাকের) উপর সরকার নির্ধারিত হার, ফরম ও কোডে আয়কর (১০%) এবং ভ্যাট (৭.৫%) ট্রেজারী চালানের মাধ্যমে জমা করিয়া নিম্নস্বাক্ষর কারীর দপ্তরে চালানের মুলকপি জমা দিতে হবে। উক্ত চালান জমা না হওয়া পর্যন্ত নিলামকৃত মালামাল ডেলিভারী দেয়া হবে না।

৭। নির্ধারিত সময়ের মধ্যে আয়কর এবং ভ্যাট জমা দিতে ব্যর্থ হলে দরপত্রের সাথে দাখিলকৃত বায়নার টাকা বাজেয়াপ্ত করা হবে এবং কার্যাদেশ বাতিল করা হবে এবং পরবর্তী মুল্যায়িত সর্বোচ্চ দর দাতাকে কার্যাদেশ প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হবে।

৮। সর্বোচ্চ দরদাতা কর্তৃক কার্যাদেশে প্রাপ্তির ১০(দশ) দিনের মধ্যে স্বীয় খরচে বিজ্ঞপ্তিতে বর্ণিত কার্যাদেশ প্রাপ্ত মালামাল সরিয়ে নিতে বাধ্য থাকিবেন। উল্লেখ্য যে, মালামাল সমূহ শুধুমাত্র অফিস চলাকালীন সময়ে (ছুটির দিন ব্যতীত) সকাল ৯.০০টা থেকে বিকাল ৪.০০টার মধ্যবর্তী সময়ে অপসারণ করিতে হইবে। ইহাতে ব্যর্থ হইলে কর্তৃপক্ষ কোন দায় দায়িত্ব বহন করবে না।

৯। অকৃতকার্য দরদাতা/দরদাতাগনের অগ্রিম বায়না/জামানতের টাকা নিলাম দরপত্র প্রক্রিয়া চূড়ান্ত অনুমোদন পাওয়ার পর ফেরত দেয়া হবে।

১০। দরদাতা গণের দেওয়া দরমূল্য একই হইলে এবং উহা গ্রহণযোগ্য হইলে কর্তৃপক্ষ লটারীর মাধ্যমে কৃতকার্য দরদাতা নির্বাচন করতে পারবেন।

১১। মালামালের গুনগত মান/ পরিমান/ সংখ্যা ইত্যাদি নিয়ে কোন ওজর/আপত্তি আমলে নেয়া হবে না।

১২। অত্র নিলাম দরপত্র বিজ্ঞপ্তি বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের প্রচলিত বিধি মোতাবেক পরিচালিত হবে।

১৩। নিলাম দরপত্র স্বাক্ষরকারীর দপ্তরে খোলার সময় দরদাতা নিজে অথবা তার মনোনিত প্রতিনিধি উপস্থিত থাকবেন। কোন অভিযোগ থাকলে দরপত্র খোলার ০৩ (তিন) কার্য দিবসের মধ্যে তার নাম, পূর্ণ ঠিকানা, টেলিফোন নম্বর উল্লেখসহ প্রতিষ্ঠানের প্যাডে অভিযোগ নামা দাখিল করতে পারবেন।

স্বাঃ

(বি, এম, আব্দুল মোমিন)
নির্বাহী প্রকৌশলী
পরিচিতি নম্বর-৭৭১২২৯০০১
উত্তর-পূর্বাঞ্চলীয় পরিমাপ বিভাগ
xennemd2014@gmail.com

স্মারক নং-৪২.০১.০০০০.০৪৭.০৭.০০২.২১- ৩৭৩ (১২) তারিখঃ ০২/০২/২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতিও প্রয়োজনীয় ব্যবস্থার জন্য প্রেরণ করা হলোঃ (জৈষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। প্রধান প্রকৌশলী, পানি বিজ্ঞান, বাপাউবো, ৭২, গ্রীনরোড, ঢাকা।

২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী,ভূ-পরিস্থ পানি বিজ্ঞান সার্কেল,বাপাউবো,৭২, গ্রীনরোড, ঢাকা।

৩। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

৪। পরিচালক, সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

৫। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, পানি ভবন, লেভেল-৬, গ্রীনরোড, ঢাকা। (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

৬। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিঃ, গ্রীনরোড শাখা, ঢাকা । এতদসঙ্গে ০৭ (সাত) সেট দরপত্র সিডিউল সংযুক্ত করা হলো। প্রতি সেট নগদ মুল্য ৫০০/- (পাচ শত টাকা) টাকা মাত্র (অফেরতযোগ্য) আগ্রহী ক্রেতার নিকট জাতীয় পরিচয় পত্র প্রর্দশন সাপেক্ষে আগামী ১৯/০২/২০২৩খ্রিঃ (ব্যাংক চলাকালীন পর্যন্ত) সময়ের মধ্যে বিক্রয়ের ব্যবস্থা করা এবং বিক্রয়লব্ধ টাকা হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‌্যাক), বাপাউবো, গ্রীনরোড, ঢাকা এর চলতি হিসাব নং- ১৬২৭১০০১০৬৭২১, সোনালী ব্যাংক লিঃ, গ্রীনরোড শাখা, ঢাকাএ জমা করণ এবং অবিক্রিত নিলাম দরপত্র সিডিউল অত্র দপ্তরে ফেরৎ পাঠানোর জন্য অনুরোধ করা হলো।

৭। সহকারী প্রকৌশলী, উত্তর-পূর্বাঞ্চলীয় পরিমাপ বিভাগ, বাপাউবো, গ্রীনরোড, ঢাকা।

৮। হিসাব রক্ষণ অফিসার, র‌্যাক প্রধান, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, ৭২, গ্রীনরোড, ঢাকা।

৯। মেসার্স/জনাব------------------------------------------------------------------------------।

১০। টেন্ডার ওপেনিং/মুল্যায়ন কমিটির সভাপতি/সদস্য সচিব/সদস্য, জনাব------------------------------------------------------------------------------------------------------।

১১। নোটিশ বোর্ড স্থানীয়।

১২। দপ্তর নথি।

০২/০২/২৩

নির্বাহী প্রকৌশলী
উত্তর-পূর্বাঞ্চলীয় পরিমাপ বিভাগ
বাপাউবো, গ্রীনরোড, ঢাকা।

ডায়েরী নং ৭৭০ তারিখঃ ২/২/২৩
প্রোগ্রামার ১/২ জরুরী
সহকারী প্রোগ্রামার ১/২/৩/৫ প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নেটওয়ার্ক প্রকৌশলী নথিতে পেশ করুন
অফিস সহকারী নথিতে রাখুন
০২/০২/২০২৩ তাগিদ পত্র দিন